

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৪ ও ৫)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
ফ্যাক্স : ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট : www.ntrca.gov.bd  
ই-মেইল: office@ntrca.gov.bd

### গণশুনানি বিজ্ঞপ্তি (ওয়েবসাইটের মাধ্যমে প্রচারিত)

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল অনুসরণে সেবাপ্রত্যাশী নিবন্ধন সনদধারীগণের এনটিআরসিএ'র কার্যক্রম বিষয়ে যে কোনো অভিযোগ, আবেদন ও নিবেদন সরাসরি শ্রবণের মাধ্যমে নিষ্পত্তি এবং নাগরিক সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে এনটিআরসিএ'র কর্মকর্তাসহ চেয়ারম্যান, এনটিআরসিএ'র সভাপতিত্বে গণশুনানি দেশের ০৮(আট)টি বিভাগে পর্যায়ক্রমে আয়োজন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। প্রথম গণশুনানি আগামী ২৪ জানুয়ারি ২০১৯ তারিখ বৃহস্পতিবার বিকাল ৪:৪৫ ঘটিকায় সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেটে অনুষ্ঠিত হবে। এমতাবস্থায়, সিলেট বিভাগের নিবন্ধন সনদধারীগণকে তাদের কোনো সমস্যা, অভিযোগ ও পরামর্শ থাকলে উক্ত দিন গণশুনানিতে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান  
এনটিআরসিএ, ঢাকা।